

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৪২

১৩/ সুনাহ

পরিচ্ছেদঃ একতা ও বিচ্ছিন্নতা

আরবী

عَنْ خَبَّابِ بْنِ الْأَرَتِ قَالَ: صلَّى رَسُولُ اللهِ صلَّى الله عَلَيْهِ وَسلَّمَ صلَاةً فَأَطَالَهَا فَقَالُوا: يَا رَسُولَ اللهِ صلَّايَّت صلَاةً لَمْ تَكُنْ تُصلِّيهَا؟ قَالَ: أَجَلْ إِنَّهَا صلَاةُ رَغْبَةٍ وَرَهْبَةٍ إِنِّي سَأَلْتُ اللَّهَ فِيهَا ثَلاَتًا فَأَعْطَانِي اثْنَتَيْنِ وَمَنَعَنِي وَاحِدَةً، سَأَلْتُ أُنْ لاَ يُهْلِكَ أُمَّتِي بِسَنَةٍ إِنِّي سَأَلْتُهُ أَنْ لاَ يُهْلِكَ أُمَّتِي بِسَنَةٍ فَأَعْطَانِيهَا، وَسَأَلْتُهُ أَنْ لاَ يُسلِّطَ عَلَيْهِمْ عَدُوًا مِنْ غَيْرِهِمْ فَأَعْطَانِيهَا، وَسَأَلْتُهُ أَنْ لاَ يُديق بَعْضَهُمْ بَأْسَ بَعْض فَمَنَعَنِيهَا.

وَفِيْ رِوَايَةٍ وَسَأَلْتُهُ أَنْ لَا يَلْبِسَهُمْ شِيَعًا وَيُذِيقَ بَعْضَهُمْ بَأْسَ بَعْضٍ فَمَنَعَنِيهَا

বাংলা

(১৫৪২) খাববাব বিন আরাত্ত (রাঃ) বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে খুব লম্বা নামায পড়লেন। লোকেরা বলল, 'হে আল্লাহর রসূল! আপনি এমন নামায পড়লেন, যা আগে পড়তেন না।' তিনি বললেন, ''হাাঁ, এটি ছিল আগ্রহ ও ভীতির নামায। আমি এতে আল্লাহর নিকট তিনটি জিনিস প্রার্থনা করলাম। কিন্তু তিনি আমাকে দু'টি জিনিস দান করলেন এবং একটি জিনিস দিলেন না। আমি প্রার্থনা করলাম, তিনি যেন আমার উম্মতকে দুর্ভিক্ষে-কবলিত ক'রে ধ্বংস না করেন, তিনি আমাকে তা দিলেন। আমি চাইলাম, তিনি যেন আমার উম্মতের উপর কোন পর-শক্রকে আধিপত্য না দেন, তিনি আমাকে তা দিলেন। আমি চাইলাম, তিনি যেন আমার উম্মতের মাঝে গৃহদ্বন্দ্ব না রাখেন, তিনি আমাকে তা দিলেন না।'' (তিরমিয়ী ২১৭৫, নাসাঈ, আহমাদ ২১০৫৩, মিশকাত ৩/২৫০)

অন্য এক বর্ণনায় আছে, ''আমি চাইলাম, তিনি যেন তোমাদেরকে বিভিন্ন দলে বিভক্ত ক'রে এক দলকে অপর দলের নিপীডনের আস্বাদ গ্রহণ না করান, কিন্তু তিনি আমাকে তা দিলেন না।'' (সহীহহুল জামে' ২৪৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন